বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ডাকবাক্স নং ৩২৫
ঢাকা
বাংলাদেশ
www.bangladesh-bank.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ

সূত্র নং- এসএমইএসপিডি সার্কুলার নং ঃ ০৪

১৮ ভাদ্র, ১৪১৭
তারিখ ঃ-----------------
০২ সেপ্টেম্বর, ২০১০

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়,
ঢাকা ।

প্রিয় মহোদয়,

**কৃষিজাতপণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক**
**শিল্পস্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম সংক্রান্ত সার্কুলার সমূহের সংশোধনী প্রসঙ্গে ।**

উপরোক্ত বিষয়ে আমাদের ০৪-১১-২০০১, ২৬-১১-২০০২, ২৫-০৫-২০০৩ ও ৩০-১০-২০০৮ তারিখে জারীকৃত যথাক্রমে আইসিডি সার্কুলার নং-০১, আইসিডি সার্কুলার নং ০১, এসিএসপিডি সার্কুলার নং ০১ এবং এসিএসপিডি সার্কুলার লেটার নং-০৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০১. আইসিডি সার্কুলার নং ০১ তারিখ ০৪-১১-২০০১ এর ১ নং ক্রমিক নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে ঃ

বিভাগীয় সদর ও নারায়ণগঞ্জ শহরের বাইরে মফস্বলভিত্তিক কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনের জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিতরণকৃত ঋণের ১০০% উক্ত স্কীমে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে । এ স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা চলতি মুলধন, মধ্য ও দীর্ঘ মেয়াদী ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবে । চলতি মুলধন এক বছর মেয়াদী, মধ্য মেয়াদী ঋণ সর্বোচ্চ ৩ বছর মেয়াদী ও দীর্ঘ মেয়াদী ঋণ সর্বোচ্চ পাঁচ বছর মেয়াদী হবে ।

০২. আইসিডি সার্কুলার নং ০১ তারিখ ২৬-১১-২০০২ এর ২(২) নং ক্রমিকে নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে ঃ

স্থায়ী পুঁজি বিনিয়োগের পরিমাণ সর্বোচ্চ ৫(পাঁচ) কোটি টাকার স্থলে স্থায়ী সম্পদ (ভুমি ও ইমারত ব্যতীত) ১০(দশ) কোটি টাকা হবে ।

০৩. এসিএসপিডি সার্কুলার নং ০১ তারিখ ২৫-০৫-২০০৩ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে ঃ
উপরোক্ত স্কীমের আওতায় গ্রাহক পর্যায়ে গৃহীত ঋণের সুদহার ব্যাংকরেট (বর্তমানে ৫%)+সর্বোচ্চ ৫% অর্থাৎ সর্বোচ্চ ১০% প্রযোজ্য হবে ।

০৪. আলোচ্য তহবিলের আওতায় ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত অর্থ নিম্নোক্তভাবে পরিশোধযোগ্য হবে-

ক) চলতি মূলধন ঋণঃ ঋণ গ্রহণের তারিখ থেকে দুটি সমান ষান্মসিক কিস্তিতে এক বছরে সুদসহ পরিশোধযোগ্য ।

খ) মধ্য মেয়াদী ঋণ ঃ ঋণ গ্রহণের তারিখ থেকে ৬ মাস রেয়াতী সময়সহ সমান ৫টি ষান্মাসিক কিস্তিতে তিন বছরে সুদসহ পরিশোধযোগ্য ।

গ) দীর্ঘ মেয়াদী ঋণ ঃ ঋণ গ্রহণের তারিখ থেকে ৬ মাস রেয়াতি সময়সহ সমান ৯টি ষান্মাসিক কিস্তিতে পাঁচ বছরে সুদসহ পরিশোধযোগ্য ।

০৫. উপরোক্ত তহবিলের আওতায় ৩০-১০-২০০৮ তারিখে জারীকৃত এসসিএসপিডি সার্কুলার লেটার নং-০৭ এর সংযোজনী 'ক' তে বর্ণিত কৃষিভিত্তিক শিল্পের তালিকায় নিম্নোক্ত খাতসমূহ অন্তর্ভূক্ত করা হলো ঃ

ক) ধানের তুষ, পোল্ট্রি ও গরুর গোবর থেকে বায়োগ্যাস ও বিদুৎ উৎপাদন এবং

খ) চালের কুঁড়া থেকে ভোজ্য তেল উৎপাদন ।

ইতোপূর্বে জারীকৃত আলোচ্য তহবিল সংশ্লিষ্ট সকল সার্কুলারে বর্ণিত অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে এবং বাংলাদেশ ব্যাংকের সঙ্গে PFI সমূহের ইতোমধ্যে সম্পাদিত অংশগ্রহণ চুক্তিপত্রে (Participation Agreement) উপরোক্ত ধারাসমূহ সংশোধিত হয়েছে বলে গণ্য হবে ।

অনুগ্রহ পূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(সুকোমল সিংহ চৌধুরী)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১৬৫৩২২

<u>সংযোজনী-"ক"</u>

## কৃষিভিত্তিক শিল্পের তালিকা (সংশোধিত)

০১। প্রক্রিয়াকরণকৃত ফলজাত খাদ্য (জ্যাম, জেলি, জুস, আচার, শরবত, সিরাপ, সস ইত্যাদি) উৎপাদনকারী কারী শিল্প ;

০২। ফল (টমেটো, আম, পেয়ারা, ইক্ষু, কাঁঠাল, লিচু, আনারস, নারিকেল ইত্যাদি) শাক-সব্জী, ডাল প্রক্রিয়াকরণ ;

০৩। ব্রেড এন্ড বিস্কুট, সেমাই, লাচ্ছা, চানাচুর, নুডুলস্ ইত্যাদি প্রস্তুতকরণ ;

০৪। আটা, ময়দা, সুজি প্রস্তুতকরণ ;

০৫। মাশরুম ও স্পিরুলিনা প্রক্রিয়াকরণ ;

০৬। ষ্টার্চ, গ্লুকোজ, ডেক্সট্রোজ এবং অন্যান্য ষ্টার্চ পণ্য উৎপাদনকারী শিল্প ;

০৭। দুগ্ধ প্রক্রিয়াকরণ (দুধ পাস্তরিতকরণ, গুড়ো দুধ,আইসক্রিম, কনডেন্সড মিল্ক,মিষ্টি,পনির, ঘি, মাখন, চকোলেট দধি ইত্যাদি) ;

০৮। আলু থেকে প্রক্রিয়াজাত খাদ্য (চিপস, পটেটো ফ্লেক্স, ষ্টারস প্রভৃতি) ইত্যাদি উৎপাদনকারী শিল্প ;

০৯। বিভিন্ন গুড়া মসলা উৎপাদনকারী শিল্প ;

১০। ভোজ্য তেল পরিশোধন ও হাইড্রোজিনেশন শিল্প ;

১১। লবন প্রক্রিয়াজাতকরণ শিল্প ;

১২। চিংড়ি ও অন্যান্য মাছ প্রক্রিয়াজাতকরণ ও হিমায়িতকরণ ;

১৩। হারবাল ও ভেষজ কস্‌মেটিক্স প্রস্তুতকারী শিল্প ;

১৪। ইউনানী, আয়ুর্বেদিক ঔষধ প্রস্তুতকারী শিল্প ;

১৫। হাঁস, মুরগী ও গবাদি পশু ও মাছ এর জন্য সুষম খাদ্য প্রস্তুতকারী শিল্প ;

১৬। বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ ;

১৭। পাটজাত দ্রব্য প্রস্তুতকরণ (যেমন দড়ি, সুতা, চট, থলে, কার্পেট, পাটের সেন্ডেল প্রভৃতি) ;

১৮। রেশম বস্ত্র উৎপাদনকারী ;

১৯। কৃষিজাতপণ্য উৎপাদনে সহায়ক যন্ত্রশিল্প স্থাপন, মেরামত প্রভৃতি ;

২০। চাল, মুড়ি, চিড়া, খৈ ইত্যাদি প্রস্তুতকরণ ;

২১। সুগন্ধি চাল ;

২২। চা প্রক্রিয়াকরণ শিল্প ;

২৩। নারিকেল তেল প্রস্তুতকারী শিল্প (যদি দেশীয় নারিকেল হতে সংগৃহীত copra ব্যবহার করা হয়) ;

২৪। রাবার টেপ, লাক্ষ্যা প্রক্রিয়াজাতকরণ ;

২৫। কোল্ড ষ্টোরেজ (কৃষকদের উৎপাদিত খাবার আলু ও বীজ আলু, ফলমুল,শাক-সবজী প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ)

২৬। কাঠ, বাঁশ ও বেতের আসবাব তৈরী/উৎপাদন (কুটির শিল্প ছাড়া) ;

২৭। ফুল সংরক্ষণ ও রপ্তানীকারক প্রতিষ্ঠান ;

২৮। মাংস প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান ;

২৯। জৈব সার, মিশ্র সার, গুটি ইউরিয়া ইত্যাদি তৈরী ;

৩০। বায়োপেষ্টিসাইড, নীম উৎপাদিত পেষ্টিসাইড ইত্যাদি তৈরী ;

৩১। মৌমাছির চাষ/মধু তৈরীর প্রকল্প ;

৩২। রাবারজাত দ্রব্যাদি তৈরীর প্রকল্প ;

৩৩। পার্টিকেল বোর্ড ;

৩৪। সরিষার তেল প্রস্তুতকারী শিল্প (যদি দেশীয় সরিষা ব্যবহার করা হয়) ;

৩৫। ধানের তুষ, পোল্ট্রি ও গরুর গোবর থেকে বায়োগ্যাস ও বিদ্যুৎ উৎপাদন প্রকল্প ;

৩৬। চালের কুঁড়া থেকে ভোজ্য তেল উৎপাদন শিল্প ;